

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০১৭।

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: সংস্থার পক্ষ থেকে ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, ১০ ডিসেম্বর এবং ১৬ ডিসেম্বর পালন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আমাদের সংবিধানের চার মূলনীতি; সমাজতন্ত্র, ধর্ম নিরপেক্ষতা, জাতীয়তাবাদ ও গণতন্ত্রকে সমুন্নত রাখতে এবং এগুলোর তাৎপর্য সংস্থার কর্মী, এলাকার তরুণসমাজ ও অন্যান্য জনগণের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য আমরা প্রতি বছর ২১ ফেব্রুয়ারি (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস), ২৬ মার্চ (জাতীয় ও স্বাধীনতা দিবস), ১০ ডিসেম্বর (আন্তর্জাতিক মানবাধিকার দিবস) এবং ১৬ ডিসেম্বর (বিজয় দিবস) পালন করবো। তাই আপনাদের অবগতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:-

১. উক্ত দিবসগুলো সংস্থার সকল কর্মী ও তাদের পরিবারের সদস্যবৃন্দ এবং এলাকার তরুণ সমাজ ও বিভিন্ন অরাজনৈতিক সংগঠনসমূহের অংশগ্রহণে পালন করা হবে।
২. এ দিবসগুলোর তাৎপর্য তুলে ধরে অংশগ্রহণকারীদের নিয়ে একটি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এ আলোচনা অনুষ্ঠানে দিবসের তাৎপর্য, দেশাত্মক গান ও কবিতা আবৃত্তি হতে পারে। এ অনুষ্ঠানের সময়কাল হবে কমপক্ষে ২ ঘন্টা। এসময় অফিসে একটি হাঙ্কা নাস্তার ব্যবস্থা থাকবে।
৩. দিবসগুলোর উদ্যাপন সংস্থার উপজেলা কার্যালয়ের মাধ্যমে সাধারণভাবে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট উপজেলার আওতায় সংস্থার সকল অফিস, তরুণ সমাজ ও সংগঠনগুলো অংশগ্রহণ করবে। অনুষ্ঠানটি সকলের অন্তর্ভুক্তিমূলক হতে হবে।
৪. উক্ত অনুষ্ঠানসমূহের ব্যানার আইসিটি সেকশন আগের দিনই সংশ্লিষ্ট সকল অফিসে পাঠানো নিশ্চিত করবে।
৫. প্রত্যেক অনুষ্ঠানের বাজেট হবে ৩০০০ (তিনি হাজার) টাকা এবং এ টাকা অগ্রিম নেয়া যাবে এবং অনুষ্ঠান শেষে যথাযথ নিয়মে বিল ভাউচার জমা দিয়ে অগ্রিম সমন্বয় করতে হবে। এর বাজেট যাবে সংশ্লিষ্ট শাখা অফিস থেকে। তবে এখানে উল্লেখ্য যে, যেসব প্রকল্পে এসব দিবস উদ্যাপনের বাজেট ধরা আছে তারাও সংস্থার মূল অনুষ্ঠানে যুক্ত হবে এবং বাজেট সেখানেই খরচ করবে।
৬. অনুষ্ঠানসমূহের ছবি ভাল ক্যামেরা বা স্মার্ট ফোনে তুলে এক পাতার বাংলা প্রতিবেদনসহ এ দিন বিকেলের মধ্যে আইসিটি সেকশনে পাঠানো বাধ্যতামূলক। তারপর আইসিটি সেকশন এ দিন এবং পরের দিনের মধ্যেই সকল প্রতিবেদন ও ছবি সংস্থার ওয়েবসাইটে তুলে দেবে। এ সকল অনুষ্ঠানের ছবিসহ লিখা ফেইস বুকের মাধ্যমে সকলের সাথে শেয়ার করতে হবে।
৭. এই দিবসগুলোতে সংস্থার অন্যান্য কার্যক্রম বন্ধ থাকবে কিন্তু কোন কর্মী কর্মসূল ত্যাগ করতে পারবেন না।
৮. এই সার্কুলারটি অন্তিমিলম্বে কার্যকরী হবে এবং প্রতিটি অফিসের সকল কর্মীর স্বাক্ষর নিয়ে আগামী ১৫ মার্চ, ২০১৭ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো নিশ্চিত করতে হবে।
৯. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যে কোন মাধ্যমে আগামী ১৫ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।  
ধন্যবাদসহ



সনত কুমার ভোগিক

অনুলিপি: নির্বাহী পরিচালক

সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক

অফিস কপি